

“মুজিব বর্ষের আহ্বান,
সেবায় মিলবে পরিদ্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ



স্মারক নং- ৪১.০১.৩৬০০.০০১.২৭.০৪০.১৯. ৩১৩

তারিখ: ০৯ এপ্রিল, ২০২০


বিষয়: বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের কারণ দর্শানো প্রসংগে।

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ তারিখ: ২২/০৩/২০২০ খ্রি:
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০- ৩৪৭ তারিখ: ২৪/০৩/২০২০ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ছুটিকালীন সময়ে সকল কর্মকর্তা- কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

কিন্তু, আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত কর্মস্থল ত্যাগ করেছেন এবং সরকারি নির্দেশনানুসারে সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের সার্বিক কাজে সমন্বয়/সহযোগিতা প্রদান থেকে বিরত থেকেছেন। যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ পরিপন্থী।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে না তার কারণ ০৩ (তিন) দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে অনুরোধ করা হলো।


(মো: হাবিবুর রহমান)

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

হবিগঞ্জ

ফোন: ০৮৩১-৬৩৫২৬

ই-মেইল: dssso.habigonj@gmail.com

✓ জনাব মোঃ আবুল কালাম আজাদ
উপজেলা সমাজসেবা অফিসার
নবীগঞ্জ, হবিগঞ্জ।

বিতরণ:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সাগরদিঘীর পাড়, সিলেট।
৪. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৬. অফিস কপি।